মুজিববর্ষ-পল্লী বিদ্যুতের সেবা বর্ষ
মুজিববর্ষেই নিশ্চিত হবে শতভাগ বিদ্যুতায়ন

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব শতবর্ষ MUJIB 100

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
Bangladesh Rural Electrification Board
ISO 9001: 2008
ISO 14001:2004
OHSAS 18001:2007 CERTIFIED

প্রধান প্রকৌশলী (প্রকল্প)-এর দপ্তর
সদর দপ্তর ভবন, ঢাকা-১২২৯
ফোন : + ৮৮ ০২ ৮৯০০৩১০, ৮৯০০৫১০
e-mail: cepbreb@gmail.com

স্মারক নং- ২৭.১২.০০০০.০০৮.৩১.০০১.২১/ ৫৭০

তারিখঃ ১১ চৈত্র, ১৪২৭ বঙ্গাব্দ।
২৫ মার্চ, ২০২১ খ্রিস্টাব্দ।

সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার
-----------------------------পবিস-১/২/৩/৪।

বিষয়ঃ স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত জাতীয় অনুষ্ঠানে দেশব্যাপী নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণ প্রসঙ্গে।

সূত্রঃ বাপবিবো সচিবালয়ের স্মারক নং- ২৭.১২.০০০০.০৩০.৭১.০০৬.২১.৯৪; তারিখঃ ২৪/০৩/২০২১ খ্রিঃ।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জন্মশতবার্ষিকী উদযাপন এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যদার সাথে উদযাপনের লক্ষ্যে দেশব্যাপী নানাবিধ কর্মসূচি পালিত হচ্ছে। সকল কর্মসূচি সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে বাপবিবোর্ডের নির্বাহী কমিটির ০৬/২০২১তম সভায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিতকরণের সিদ্ধান্ত (নং-০১/০৬/২০২১) গৃহীত হয়েছে।

নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহের জন্য ইতোমধ্যে গৃহীত ব্যবস্থার পাশাপাশি ফিডারভিত্তিক দায়িত্বের বিষয়টিও নিশ্চিত করতে হবে। অনুষ্ঠানস্থলসমূহে সম্ভব হলে ডুয়েল সোর্স লাইন রাখাসহ এনএলডিসি-এর সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। অনিবার্য কারণে বিদ্যুৎ বিভ্রাট হলে তাৎক্ষণিকভাবে তা নিরসনের জন্য ষ্ট্যান্ডবাই টীম রাখতে হবে এবং যথাসম্ভব দ্রুত বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে।

এমতাবস্থায়, স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষ্যে আয়োজিত জাতীয় অনুষ্ঠানে পবিস বিতরণ ব্যবস্থায় নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে এতদ্বারা অনুরোধ করা হলো।

বিষয়টি অতিব জরুরী।
সংযুক্তিঃ বাপবিবোর্ডের নির্বাহী কমিটির সূত্রোস্থ সিদ্ধান্ত।

(মোঃ জহিরুল ইসলাম)
সদস্য (বিতরণ ও পরিচালন)

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়): সংশ্লিষ্টতা মোতাবেক প্রযোজ্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।

১। সদস্য (প্রশাসন/অর্থ/পরিকল্পনা ও উন্নয়ন/ সমিতি ব্যবস্থাপনা), বাপবিবো, ঢাকা।
২। প্রধান প্রকৌশলী (পওপ)/নির্বাহী পরিচালক/ নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), বাপবিবো, ঢাকা।
৩। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (ওএমএন্ডডি/পিএন্ডডি), বাপবিবো, ঢাকা।
৪। পরিচালক, (এমপিএসএস/এসইএন্ডডি/সিষ্টেম অপারেশন) পরিদপ্তর/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রিড ও উপকেন্দ্র), বাপবিবো, ঢাকা।
৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ময়মনসিংহ/ সিলেট/কুমিল্লা/ চট্টগ্রাম/ রাজশাহী/ রংপুর/ বগুড়া/ফরিদপুর/ যশোর/ বরিশাল জোন, বাপবিবো।
৬। নির্বাহী প্রকৌশলী (এসওডি)..বাপবিবো।

(৫-৬:) আওতাভূক্ত সমিতিসমূহ কর্তৃক নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করার জন্য সর্বাত্মক কার্যব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৭। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।

সচিবালয়, পলিসি শাখা
বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
নিকুঞ্জ-২, জোয়ার সাহারা,
খিলক্ষেত, ঢাকা-১২২৯।
ফোন : ০২-৮৯০০৩১৫
ই-মেইল: secyreb@gmail.com
ওয়েব সাইট: www.reb.gov.bd

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

মুজিব বর্ষ MUJIB 100

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড

ISO 9001, ISO 14001& ISO 45001 Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড
BANGLADESH RURAL ELECTRIFICATION BOARD

স্মারক নং-২৭.১২.০০০০.০৩০.৭১.০০৬.২১.৭৪

তারিখঃ ১০ চৈত্র ১৪২৭ বঙ্গাব্দ
২৪ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

"নির্বাহী কমিটির সিদ্ধান্ত"

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের লক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে গত ৩১ জানুয়ারি ২০২১ তারিখ এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ১৭ মার্চ থেকে অর্থাৎ বঙ্গবন্ধুর জন্মদিন থেকে ২৬ মার্চ পর্যন্ত ১০ (দশ) দিনব্যাপী একটি বিস্তারিত কর্মসূচি প্রণয়ন করা হয়। তৎপ্রেক্ষিতে উক্ত সভায় গৃহীত কর্মসূচির মধ্যে বিদ্যুৎ বিভাগ সংশ্লিষ্ট যে সকল কর্মসূচি রয়েছে, সে বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে গত ১০ মার্চ ২০২১ খ্রিঃ তারিখে বিদ্যুৎ বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহে ১৭ মার্চ থেকে ২৬ মার্চ পর্যন্ত বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সাথে উদযাপনের বিষয়ে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয় এবং দপ্তর/সংস্থা/কোম্পনিসমূহকে তা প্রতিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার প্রেক্ষিতে বাপবিবো কর্তৃক গৃহীত সিদ্ধান্ত নিম্নরূপঃ

(ক) ২৫ মার্চ ২০২১ (রাত ৯.০০ থেকে ৯.০১ মিনিট পর্যন্ত) ০১ (এক) মিনিটের জন্য বাপবিবো এবং ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির সদর দপ্তরসহ অন্যান্য আওতাধীন অফিস প্রতীকি ব্ল্যাক আউট রাখা **(কেপিআই/জরুরি স্থাপনা ব্যতিত)। ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির ক্ষেত্রে নির্বাহী পরিচালক এবং বাপবিবোর্ডের ক্ষেত্রে পরিচালক (সম্পত্তি ও লজিস্টিক) বিষয়টি নিশ্চিত করবেন।**

(খ) বাপবিবো এবং ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির সকল অফিস ভবনে ২৬ মার্চ ২০২১ তারিখে জাতীয় পতাকা উত্তোলন করা (ঐদিন সূর্যোদয়ের সাথে সাথে)। এছাড়াও সমিতিগুলো স্ব-স্ব জেলা প্রশাসনের গৃহীত কর্মসূচির সাথে সমন্বয় করে বিভিন্ন কর্মসূচি পালন করবে। **৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির ক্ষেত্রে নির্বাহী পরিচালক এবং বাপবিবোর্ডের ক্ষেত্রে পরিচালক (সম্পত্তি ও লজিস্টিক) বিষয়টি নিশ্চিত করবেন।**

(গ) বাপবিবো সদর দপ্তর এবং ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির গ্রন্থাগার ও মুজিব কর্ণারে সংরক্ষণের লক্ষ্যে বাপবিবো এবং সমিতি কর্তৃক মুক্তিযুদ্ধ বিষয়ক ১০টি এবং বঙ্গবন্ধুর জীবন ও আদর্শ ভিত্তিক ১০টি করে বই ক্রয় করবে। **পরিচালক (জনসংযোগ)** জরুরি ভিত্তিতে **সদস্য (অর্থ)** এর সাথে আলোচনাক্রমে বইয়ের তালিকা চূড়ান্ত করবেন। বাংলা একাডেমী থেকে বই ক্রয় করতে হবে। একইভাবে ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতিও বাংলা একাডেমী থেকে বই ক্রয় করবে। বাপবিবো এবং সমিতিগুলো সংশ্লিষ্ট খাত থেকে ব্যয় নির্বাহ করবে। **এবিষয়ে নির্বাহী পরিচালক সমিতিগুলোকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন। সদস্য (অর্থ), সদস্য (সমিতি ব্যবস্থাপনা), নিয়ন্ত্রক (অর্থ ও হিসাব), নির্বাহী পরিচালক এবং পরিচালক (জনসংযোগ) স্ব-স্ব ক্ষেত্রে এতদবিষয়ে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবেন।**

(ঘ) বাপবিবো এবং ৮০টি পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইটে সুবর্ণজয়ন্তী কর্ণার স্থাপন করতে হবে এবং ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ রাখতে হবে। **সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইসিটি) বিষয়টি নিশ্চিত করবেন এবং এ বিষয়ে সমিতিগুলোকে প্রয়োজনীয় গাইডলাইন প্রদান করবেন।**

(ঙ) স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপলক্ষে আয়োজিত জাতীয় অনুষ্ঠানে দেশব্যাপী নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ নিশ্চিত করতে হবে। **সদস্য (বিতরণ ও পরিচালন) এবং সদস্য (সমিতি ব্যবস্থাপনা) এতদবিষয়ে সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবেন।**

চলমান পাতা-০২